

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক-৪৬.০০.০০০০.০৮৫.১৬.০৩৬.২০১৭- ২৭৪

তারিখ: ০৭ চৈত্র ১৪২৯
২১ মার্চ ২০২৩

বিষয়: ঢাকা ওয়াসার মডস জোন-৪ এর পি.এল.আই এর কর্মচারী শামসুল হক এর অবৈধ সম্পদের বিষয়ে গত ০৫/০৩/২০২৩ তারিখ “দৈনিক ভোরের সময়” পত্রিকার প্রথম পাতায় প্রকাশিত প্রতিবেদনের বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শামসুল হক পি.এল.আই ঢাকা ওয়াসা মডস জোন-৪ এর অবৈধ সম্পদের বিষয়ে গত ০৫.০৩.২০২৩ তারিখে একটি প্রতিবেদন দৈনিক ভোরের সময় পত্রিকার ১ম পাতায় প্রকাশিত হয়। বিষয়টি জনাব মোঃ শামসুল হক অবগত হওয়ার পর তিনি ও তার পরিবার সন্ত্রাসী বাহিনী দ্বারা জনাব মোঃ আলমগীর হোসেনকে বিভিন্ন ভাবে হত্যার হুমকিসহ ভয়-ভীতি দেখাচ্ছেন। ইতপূর্বে জনাব মোঃ শামসুল হক মিরপুরের কয়েকজন সাংবাদিককে হত্যার হুমকি দিয়ে তার অবৈধ সম্পদের বিষয়ে পত্রিকায় প্রতিবেদন প্রকাশ করতে বাধা প্রদান করেছেন মর্মে আবেদনকারী তার আবেদনে জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, দৈনিক ভোরের সময় পত্রিকার বার্তা ও বাণিজ্যিক বিভাগের বিশেষ প্রতিনিধি জনাব মোঃ আলমগীর হোসেন এর আবেদনটি এসাথে প্রেরণ করতঃ আবেদনে উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে

কি।।
২১/৩/২৩

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন- ৫৫১০০৩৭০
lgws2@lgd.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। অতিরিক্ত সচিব (পাস) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ
- ৪। জনাব মোঃ আলমগীর হোসেন, বিশেষ প্রতিনিধি দৈনিক ভোরের সময় পত্রিকার বার্তা ও বাণিজ্যিক কার্যালয়, পুরানা পল্টন, ঢাকা